# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২, অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd


স্মারক নং: ৫৭.১৬.০০০০.০১২.৪৮.০০১.২৬.৬১০

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

মাদ্রাসা শিক্ষার্থীদেরকে যুগের চাহিদার আলোকে দক্ষ ও যোগ্য আলেম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পৃষ্ঠপোষকতায় "كُنْ عَالِمًا" "আলেম হও" শিরোনামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। গৃহীত প্রকল্প বিষয়ে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক এবং শুভানুধ্যায়ীদের মধ্যে প্রচারনার উদ্দেশ্যে একটি পোস্টার ডিজাইন করা হয়েছে। পোস্টারটি নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক আগামী ১০ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের একাধিক দর্শনীয় স্থানে লাগানোর জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত দাখিল ও আলিম স্তরের মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**<u>পোস্টারের বর্ণনা:</u>**

১. পোস্টারের দৈর্ঘ্য ৩৬ ইঞ্চি ও প্রস্থ ২৪ ইঞ্চি।
২. পোস্টারটি ডিপ মেরুন, গ্রিন, গোল্ডেন ইয়েলো, ইয়েলো, অফ-হোয়াইট ও হোয়াইট কালারের সংমিশ্রণে প্রস্তুত করা হয়েছে।
৩. পোস্টারের চতুর্পাশে অর্ধ ইঞ্চি (১.২৭ সেন্টিমিটার) গোল্ডেন কালারের ডিজাইনটি ফ্রেম নির্দেশক।
৪. "كُنْ عَالِمًا" এর লোগোতে ইলমের মূল উৎস হিসেবে কুরআন ও হাদীসের আইকন দেওয়া হয়েছে।

**<u>নির্দেশনা:</u>**

১. পোস্টারের সাইজ, ডিজাইন ও কালার ও লেখা ঠিক রেখে শুধুমাত্র মাদরাসার নাম ও লোগো পরিবর্তন করে সেই স্থানে স্ব-স্ব প্রতিষ্ঠানের নাম ও লোগো যুক্ত করে প্রিন্ট দিতে হবে।
২. পোস্টারটি স্টিকার প্রিন্ট দিয়ে পিভিসি বোর্ডে লাগিয়ে চতুর্পাশে অর্ধ ইঞ্চি (১.২৭ সেন্টিমিটার) গোল্ডেন কালারের ফ্রেমে বাঁধাই করতে হবে।
৩. ফ্রেমে বাঁধাইকৃত পোস্টারটি প্রযোজ্য ক্লাসরুম ও দর্শনীয় স্থানসমূহে লাগাতে হবে।

০২. প্রস্তুতকৃত পোস্টারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। প্রকল্পটির কার্যক্রম এবং এতে শিক্ষার্থীদের অন্তর্ভুক্তির বিষয়ে প্রয়োজনীয় তথ্য পরবর্তীতে জানানো হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

08.01.26


প্রফেসর ড. মোঃ মহাতাব হোসেন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়)
ফোনঃ ০২২২৩৩৬৪৩৬৯
ই-মেইল: dccon@bmeb.gov.bd

بسم الله الرحمن الرحيم

قال الله تعالى : يَرْفَعِ اللهُ الَّذِينَ آمَنُوا مِنكُمْ
وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ

قَالَ رَسُولَ اللهِ ﷺ : وَإِنَّ العُلَمَاءَ وَرَثَةُ الأَنْبِيَاءِ

# كن عالما
# তুমি আলেম হও

পৃষ্ঠপোষকতায়

## উদ্দেশ্য


- কুরআন-সুন্নাহর অনুসারী ও আখলাকী শিক্ষার্থী তৈরি করা
- যুগের চাহিদার আলোকে দক্ষ ও যোগ্য আলেম তৈরি করা
- আলিয়া মাদরাসার সকল পর্যায়ে ইলমের প্রতি গুরুত্ব দেওয়া
- শিক্ষার্থীদেরকে আরবি ভাষায় পারদর্শী করে গড়ে তোলা
- দ্বীনের মুখলিস দাঈ তৈরি করা

## কার্যক্রম

- সহিহ তিলাওয়াত ও হিফযুল কুরআন কোর্স
- নাহু-ছরফ শিক্ষা কোর্স
- অরবি ভাষা শিক্ষা কোর্স
- সাপ্তাহিক ও মাসিক হালাকাতুদ্দুরুস
- "আমি আলেম হতে চাই" মোটিভেশনাল প্রোগ্রাম
- ইলমী সম্মেলন
- আল'ইলম সেন্টার প্রতিষ্ঠা করা
- বিদেশে উচ্চশিক্ষা সহযোগিতা ও গাইড লাইন
- অভিভাবক মতবিনিময়
- উলামায়ে কেরামের সুহ্বত প্রোগ্রাম
- হিফযুল কুরআন ও তাফসির প্রতিযোগিতা
- হাদিসের দারস ও মুখস্ত কর্মসূচি
- হিফজুল হাদিস প্রতিযোগিতা
- আল'ইলম কোর্স
- খুতবাহ প্রশিক্ষণ কোর্স
- তাহকীক ও ই'রাবুল কুরআন প্রতিযোগিতা
- আরবি বক্তৃতা প্রশিক্ষণ ও প্রতিযোগিতা
- আরবি বিতর্ক প্রতিযোগিতা
- রিহ্লাহ ইলমিয়্যাহ
- ইসলাহী মাজলিস ও অন্যান্য প্রোগ্রাম

## সম্ভাবনা

- ইলমী সেক্টরে খিদমাতের যোগ্যতা অর্জন
- ইমাম ও খতীব হিসেবে দায়িত্বপালনের সুযোগ
- আরবি প্রভাষক নিয়োগে অগ্রাধিকার
- মুফাস্সির, মুহাদ্দিস ও ফকীহ হিসেবে দায়িত্ব পালনের সুযোগ
- আল্লাহর পথে দাওয়াত দানের কৌশল ও প্রজ্ঞা অর্জন
- আরব বিশ্বে বিভিন্ন কোর্স ও প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অবদান রাখার সুযোগ
- মু'আল্লিম হিসেবে খিদমাতের সুযোগ




مدرسة تنظيم الأمة العالم
তানযীমুল উম্মাহ আলিম মাদরাসা

www.kunaleman.org